

ডিজিটাল নিরাপত্তার জন্য উত্তম চর্চাসমূহ

প্রাতিষ্ঠানিক সুরক্ষা

- ▶ ইউজার একাউন্টের মাধ্যমে সিস্টেমে লগ-ইন করুন
- ▶ আসল সফটওয়্যার/অপারেটিং সিস্টেম ব্যবহার করুন
- ▶ অপরিচিত/অননুমোদিত ব্যক্তিকে প্রতিষ্ঠানের সিস্টেম ব্যবহার থেকে বিরত রাখুন
- ▶ দাপ্তরিক কাজে প্রতিষ্ঠানের ই-মেইল আইডি ব্যবহার করুন
- ▶ কাজ শেষে সিস্টেম থেকে লগ-আউট/ক্রীন-লক করুন
- ▶ গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্তের ব্যাকআপ রাখুন



ডিজিটাল ডিভাইসের ব্যবহার

- ▶ ডিজিটাল ডিভাইসসমূহ পাসওয়ার্ড বা বায়োমেট্রিক পদ্ধতিতে সুরক্ষিত রাখুন
- ▶ শক্তিশালী পাসওয়ার্ড (বর্ণ, সংখ্যা ও বিশেষ চিহ্ন) ব্যবহার করুন
- ▶ প্রতিটি একাউন্ট/এ্যাপস এর জন্য আলাদা পাসওয়ার্ড ব্যবহার করুন
- ▶ অপ্রয়োজনে ক্যামেরা অপশন চালু রাখা থেকে বিরত থাকুন
- ▶ স্বীকৃত ওয়েবসাইট থেকে এ্যাপস/সফটওয়্যার ডাউনলোড করুন

অনলাইন/ইন্টারনেট ব্যবহার

- ▶ ওয়েবসাইটে SSL সার্টিফিকেট [https বা (লক) চিহ্ন] দেখে ব্যবহার করুন
- ▶ লগ-ইন অপশনসমূহে Two Factor Authentication চালু রাখুন
- ▶ ইন্টারনেট ব্রাউজার এবং প্রয়োজনীয় প্লাগ-ইনসমূহ নিয়মিত আপডেট রাখুন
- ▶ অনলাইনে লেনদেনের ক্ষেত্রে https বা (লক) চিহ্ন-যুক্ত সাইট দেখে লেনদেন করুন
- ▶ অপরিচিত ও সন্দেহজনক ই-মেইল বা লিংকে ক্লিক করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করুন

NATIONAL
EMERGENCY
SERVICE

999

সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার

- ▶ সামাজিক যোগাযোগ মাধ্যমের একাউন্টের প্রাইভেসি সেটিং নির্ধারণ করুন
- ▶ একান্ত ব্যক্তিগত তথ্যাবলী অপরিচিতদের সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন
- ▶ কোনো পোস্ট শেয়ার করার আগে এর সঠিকতা যাচাই করুন
- ▶ মিথ্যা সংবাদ, গুজব, সমাজ ও রাষ্ট্রবিরোধী প্রচার-প্রচারণা সংক্রান্ত পোস্ট লাইক করা বা শেয়ার করা থেকে বিরত থাকুন
- ▶ অপমানজনক ও বিভ্রান্তিকর বিষয় সংক্রান্ত পোস্ট ব্লক করুন বা রিপোর্ট করুন

সাইবার বুলিং হতে সুরক্ষা

- ▶ একান্ত ব্যক্তিগত তথ্যাবলী অপরিচিতদের সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন
- ▶ কারো উদ্দেশ্যে অপমানজনক বা ক্ষতিকর কোন মন্তব্য করা, অথবা এ ধরনের মন্তব্য লাইক বা শেয়ার করা থেকে বিরত থাকুন
- ▶ সাইবার বুলিং এর শিকার হলে তা গোপন না রেখে অভিভাবক, শিক্ষক বা বিশ্বস্ত কাউকে অবহিত করুন
- ▶ অনলাইনে কেউ উদ্ভট বা অনাকাঙ্ক্ষিত ছবি বা তথ্য চাইলে তা পরিহার করুন
- ▶ যিনি বুলিং করছেন, তাকে ব্লক করুন বা রিপোর্ট করুন
- ▶ বুলিং সংক্রান্ত তথ্যাবলী ভবিষ্যতে প্রয়োজনে আইনানুগ পদক্ষেপের জন্য সংরক্ষণ করুন



পাসওয়ার্ড ব্যবহার


- ▶ শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করুন
- ▶ বর্ণ, সংখ্যা, বিশেষ চিহ্ন বিশিষ্ট কমপক্ষে ৮ (আট) সংখ্যার পাসওয়ার্ড ব্যবহার করুন
- ▶ পাসওয়ার্ড গোপন রাখুন এবং অন্যের সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন
- ▶ নির্দিষ্ট সময় পর পর পাসওয়ার্ড পরিবর্তন করুন
- ▶ সহজে অনুমেয় পাসওয়ার্ড ব্যবহার করা থেকে বিরত থাকুন
- ▶ ওয়েব ব্রাউজারে পাসওয়ার্ড সংরক্ষণ করা থেকে বিরত থাকুন



ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮



SCAN ME



SCAN ME

ডিজিটাল নিরাপত্তা বিধিমালা, ২০২০



www.dsa.gov.bd

প্রচারে: ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ